

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৪৬১

আগরতলা, ৩০ অক্টোবর, ২০২৩

রাষ্ট্রীয় একতা দিবস পালনের জন্য রাজ্যবাসীর প্রতি রাজ্যপালের আহ্বান

রাজ্যপাল ইন্দুসেনা রেডি নল্লু আজ এক প্রেস নোটে ভারতরত্ন সর্দার বল্লভ ভাই প্যাটেলের জন্মবার্ষিকী উপলক্ষে আগামীকাল রাষ্ট্রীয় একতা দিবস পালনের জন্য রাজ্যবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন। রাষ্ট্রীয় একতার জন্য প্রতিজ্ঞাবদ্ধ হতেও তিনি সবার প্রতি আহ্বান জানিয়েছেন। প্রেস নোটে রাজ্যপাল ইন্দুসেনা রেডি নল্লু বলেন, ভারতের একতার জন্য সর্দার বল্লভ ভাই প্যাটেলের অবদান অভাবনীয়। প্রতি বছর তাঁর জন্মদিন আমরা রাষ্ট্রীয় একতা দিবস হিসেবে পালন করি। এই দিনটি বিভিন্ন সরকারি অফিস এবং সংস্থায় সর্দার প্যাটেল জয়ন্তী হিসেবে পালন করা হয় এবং এই দিনে জনগণ তাঁর স্মরণীয় অবদান স্মরণ করেন।

প্রেস নোটে রাজ্যপাল আরও বলেছেন, ভারতের স্বাধীনতা লাভের পর রাজন্য শাসিত রাজ্যগুলিকে ভারত রাষ্ট্রে অন্তর্ভুক্ত করানোর জন্য সর্দার বল্লভ ভাই প্যাটেল বলিষ্ঠ ভূমিকা গ্রহণ করেছিলেন। তাঁর কুটনৈতিক দুরদর্শিতা ও বক্তব্য রাজন্য শাসিত রাজ্যগুলোকে ভারত রাষ্ট্রে অন্তর্ভুক্ত করার ক্ষেত্রে বিশ্বাসযোগ্যতা অর্জনে সমর্থ হয়। এর ফলে দেশের সার্বভৌমত্ব ও একতা সুরক্ষিত হয়েছে। সর্দার বল্লভ ভাই প্যাটেলের এই প্রচেষ্টা ভারতের শান্তি ও ঐক্যের ভিত্তি স্থাপন করে।

\*\*\*\*\*